# জাতীয় বিশ্ববিদ্যালয়

## মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি নির্দেশিকা

## শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০

**ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.nu.ac.bd/admissions)**

## সাধারণ নির্দেশনা

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমের অনলাইন প্রাথমিক আবেদন ০৩ নভেম্বর বিকাল ৪টা থেকে শুরু হয়ে ১৭ নভেম্বর ২০২১ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ১৮ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ১২ ডিসেম্বর ২০২১ তারিখ থেকে শুরু হবে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) **Prospectus/Important Notice** অপশন থেকে জানা যাবে।

বি: দ্র: সংশ্লিষ্ট সকলকে কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে এ ভর্তি কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে হবে।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৫ সাল ও তৎপরবর্তী সালসমূহে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৫ সাল ও তৎপরবর্তী সালসমূহে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। তবে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট)/১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।

ঘ) এখানে উল্লেখ্য যে, উপরিউক্ত শর্তপূরণ সাপেক্ষ স্নাতক (সম্মান) ও প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা শুধুমাত্র তাদের পঠিত বিষয়ে এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।

ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা অন্য যে কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে "জাতীয় বিশ্ববিদ্যালয়/অন্য কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

চ) এ ভর্তি কার্যক্রম পর্যায়ক্রমে প্রথম মেধা তালিকা, শূন্য আসন সাপেক্ষে দ্বিতীয় মেধা তালিকা, কোটা ও রিলিজ স্লিপের মেধা তালিকার মাধ্যমে সম্পন্ন করা হবে।

ছ) এ ভর্তি কার্যক্রমের বিস্তারিত সময়সূচি ও ফলাফল জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) মাধ্যমে জানা যাবে। এছাড়াও **SMS** (nu<space>atmf<space>roll no টাইপ করে **16222** নম্বরে **send** করতে হবে) এর মাধ্যমে শুধুমাত্র মেধা তালিকার ফলাফল জানা যাবে।

জ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

## ১। ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে প্রাথমিক আবেদনের যোগ্যতা

| ক্রমিক | ভর্তিচ্ছু বিষয় | কোর্সের মেয়াদ | আবেদনের ন্যূনতম যোগ্যতা |
|---|---|---|---|
| ক) | **Master of Arts (MA)**<br>**Subject:**<br>**1) Bangla**<br>**2) English**<br>**3) Arabic**<br>**4) Sanskrit**<br>**5) Pali**<br>**6) History**<br>**7) Islamic History & Culture**<br>**8) Islamic Studies**<br>**9) Library and Information Science**<br>**10) Philosophy** | ১ বছর | i) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৫ সাল ও তৎপরবর্তী সালসমূহে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।<br>ii) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৫ সাল ও তৎপরবর্তী সালসমূহে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। তবে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট)/১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।<br>iii) উপরিউক্ত শর্তপূরণ সাপেক্ষ স্নাতক (সম্মান) ও প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা শুধুমাত্র তাদের পঠিত বিষয়ে এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।<br>iv) উপরিউক্ত শর্ত পূরণ সাপেক্ষে **Library and Information Science**-এ আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমাধারীরাও আবেদন করতে পারবে। এ ছাড়া জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (সম্মান) **Anthropology** বিষয়ের শিক্ষার্থীরা **Sociology** বিষয়ে এবং **Environmental Science** বিষয়ের শিক্ষার্থীরা **Geography and Environment** বিষয়ে আবেদন করতে পারবে। |
| খ) | **Master of Social Sciences (MSS)**<br>**Subject:**<br>**11) Political Science**<br>**12) Sociology**<br>**13) Social Work**<br>**14) Economics** | ১ বছর | |
| গ) | **Master of Science (MSc)**<br>**Subject:**<br>**15) Physics**<br>**16) Chemistry**<br>**17) Bio-Chemistry**<br>**18) Botany**<br>**19) Zoology**<br>**20) Soil Science**<br>**21) Statistics**<br>**22) Mathematics**<br>**23) Geography and Environment**<br>**24) Psychology**<br>**25) Home Economics** | ১ বছর | |
| ঘ) | **Master of Business Administration (MBA)**<br>**Subject:**<br>**26) Marketing**<br>**27) Finance**<br>**28) Accounting**<br>**29) Management** | ১ বছর | |
| ঙ) | **Master of Music (M. Music)**<br>**Subject:**<br>**30) Folk Music**<br>**31) Classical Music**<br>**32) Nazrul Sangeet**<br>**33) Rabindra Sangeet** | ১ বছর | |

## ২। অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত করণীয়

| ফরম পূরণের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| লগইন<br>(Login) | আবেদনকারীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **(www.nu.ac.bd/admissions) Masters Tab** এ গিয়ে **Apply Now (Masters Reg.)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে আবেদনকারীর স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) ও ১ম পর্ব মাস্টার্স/প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পাসের সন, নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস্ সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। এছাড়া "জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। |
| সঠিক লিঙ্গ<br>(Gender) নির্ধারণ | আবেদনকারীকে তথ্য ছকের নির্ধারিত স্থানে সঠিক **Gender (Male/Female)** এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, **Gender** ত্রুটির কারণে কোন পুরুষ আবেদনকারী মহিলা কলেজে আবেদন করলে তার আবেদন বাতিল বলে গণ্য হবে। |
| কলেজ ও বিষয় নির্ধারণ | আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাভিত্তিক যে কোন কলেজের নাম **Select** করলে সংশ্লিষ্ট কলেজে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে তার ভর্তি যোগ্য বিষয় ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে আবেদনকারীকে সর্তকতার সঙ্গে তার প্রার্থিত বিষয় নির্ধারণ করতে হবে। |

| | |
|---|---|
| কোটায় আবেদন | মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী/পোষ্য (Ward) কোটায় ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা Select করতে হবে। এখানে উল্লেখ্য যে, পোষ্য কোটায় শুধুমাত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ে বর্তমানে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান/সন্তানাদি আবেদন করতে পারবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে। কোটার জন্য সংরক্ষিত আসন বিষয়ভিত্তিক বরাদ্দকৃত আসনের অতিরিক্ত হিসাবে বিবেচিত হবে। |
| ছবি সংযোজন | ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারের সম্প্রতি তোলা রঙ্গিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে **120×150 pixels, Image Type: jpg** এবং **maximum file size:50Kb.** এখানে উল্লেখ্য যে, আবেদনকারীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। |
| ফরম চূড়ান্তকরণ | সঠিক তথ্য ও ছবিসহ অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে **[A4 (8.5”×11”)** অফসেট সাদা কাগজে**]** প্রিন্ট/**pdf** কপি সংগ্রহ করতে হবে। |
| প্রাথমিক আবেদন ফরম বাতিলকরণ/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন | আবেদনকারীকে তার প্রাথমিক আবেদন ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি সঠিক আছে কিনা তা যাচাই করে নিতে হবে। আবেদন ফরমে তথ্যগত অমিল বা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদনকারী তার প্রাথমিক আবেদন ফরমটি বাতিল/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে **Master’s Tab**-এ গিয়ে **Applicant Login [Masters (Regular)]** অপশনে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। পরবর্তীতে আবেদনকারী **Form Cancel/Photo Change Option** এ গিয়ে **Click to Generate the Security key** অপশনটি ক্লিক করলে তার ব্যক্তিগত মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে **One Time Password (OTP )** দেয়া হবে। এই **OTP** এন্ট্রি দিয়ে আবেদনকারী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও প্রকৃত ছবি আপলোড করতে পারবে। উল্লেখ্য যে, আবেদনকারী শুধুমাত্র একবারই ফরম বাতিলের সুযোগ পাবে। কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করা হলে ঐ আবেদনকারী আর ফরম বাতিল করতে পারবে না। |
| সংশ্লিষ্ট কলেজে প্রাথমিক আবেদন ফরম জমা ও ফি প্রদান | আবেদনকারীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমের নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সঙ্গে আবেদনকারীর স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) ও ১ম পর্ব মাস্টার্স/প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি, দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামার কপি ও প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমা দিতে হবে। সংশ্লিষ্ট কলেজ যে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করবে, সে সকল আবেদনকারীকে তাদের মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে তা জানিয়ে দেয়া হবে। |

৩। মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী *(সমাজসেবা অধিদপ্তর কর্তৃক স্বীকৃত হতে হবে)* কোটা সম্পর্কিত তথ্য ও সংরক্ষিত আসন
(কোটার আসন বিষয়ভিত্তিক বরাদ্দকৃত আসনের অতিরিক্ত হিসাবে বিবেচিত হবে)

| কোটার প্রকৃতি | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/কলেজে অধিভুক্ত প্রতিটি বিষয়ে সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি আসন কোটার জন্য সংরক্ষিত থাকবে। বিষয়ভিত্তিক আসন বন্টন | প্রতিটি বিষয়ে কোটাভিত্তিক সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি আসনের শর্তপূরণ সাপেক্ষে একটি প্রতিষ্ঠান/কলেজে কোটার আসন সর্বমোট ২৫ (পঁচিশ) টির অধিক হবে না। কলেজভিত্তিক আসন বন্টন | কোটায় আবেদন করার শর্ত |
|---|---|---|---|
| মুক্তিযোদ্ধার সন্তান | ০৩ টি | ১৫ টি | সংশ্লিষ্ট কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। |
| আদিবাসি | ০১ টি | ০৭ টি | |
| প্রতিবন্ধী | ০১ টি | ০৩ টি | |
| মোট | ০৫ টি | ২৫ টি | |

৪। পোষ্য (Ward) কোটায় আবেদন

মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয়ে বর্তমানে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান/সন্তানাদি পোষ্য কোটায় আবেদন করতে পারবে। এ কোটায় আবেদনকারীকে পোষ্যের প্রমাণ পত্রের সঙ্গে জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দফতর থেকে পোষ্য হিসাবে প্রত্যয়ন পত্র সংগ্রহ করতে হবে। পোষ্য কোটায় আবেদনের জন্য প্রার্থীকে ভর্তি নির্দেশিকার সকল শর্ত পূরণ করতে হবে। একটি কলেজে সর্বোচ্চ ০৩ (তিন) জন আবেদনকারী মেধার ভিত্তিতে পোষ্য কোটায় ভর্তি হতে পারবে এবং এ আসন অতিরিক্ত আসন হিসাবে বিবেচিত হবে ।

৫। দ্বৈত ভর্তি বাতিল সম্পর্কিত জ্ঞাতব্য

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী যে শিক্ষাবর্ষেই হোক না কেন মাস্টার্স (নিয়মিত ও প্রাইভেট) প্রোগ্রামে অথবা মাস্টার্স (প্রফেশনাল) কোর্সে বর্তমানে অধ্যয়নরত অবস্থায় থাকলে (অর্থাৎ সংশ্লিষ্ট পরীক্ষার ফল প্রকাশ না হলে) তাকে অবশ্যই পূর্ববর্তী ভর্তি বাতিল করে এ প্রোগ্রামে ভর্তি হতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

৬। মেধা তালিকা প্রণয়ন

ক) ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদনকারী প্রার্থীদের স্নাতক (সম্মান) ও স্নাতক (পাস) ডিগ্রীসহ প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় প্রাপ্ত নম্বর/সিজিপিএ এর শতকরা হার অনুযায়ী মেধাক্রম নির্ধারণ করে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে বিষয়ভিত্তিক মেধা তালিকা তৈরী করা হবে। যদি দুই বা ততোধিক আবেদনকারীর মেধাক্রম একই হয় তাহলে তাদের মধ্যে যার বয়স কম হবে তাকে অগ্রাধিকার দিয়ে মেধাক্রম প্রণয়ন করা হবে।

খ) আবেদনকারী প্রার্থীরা যে কলেজ থেকে স্নাতক (সম্মান)/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা যদি ঐ একই কলেজে প্রার্থিত বিষয়ে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে প্রাথমিক আবেদন করে থাকে, সে ক্ষেত্রে এ সকল আবেদনকারীকে অগ্রাধিকার দিয়ে বিষয়ভিত্তিক মেধা তালিকা প্রণয়ন করা হবে। পরবর্তীতে সংশ্লিষ্ট কলেজে বিষয়ভিত্তিক আসন শূন্য থাকলে সেক্ষেত্রে অন্যান্য আবেদনকারীকে মেধার ভিত্তিতে আসন বরাদ্দ দেয়া হবে। এ শর্ত শুধুমাত্র ১ম মেধা তালিকা প্রণয়নের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

গ) এ ভর্তি কার্যক্রম পর্যায়ক্রমে প্রথম মেধা তালিকা, শূন্য আসন সাপেক্ষে দ্বিতীয় মেধা তালিকা, কোটা ও রিলিজ স্লিপের মেধা তালিকার মাধ্যমে সম্পন্ন করা হবে।

ঘ) প্রতিটি কলেজ **User ID, Password** ও **OTP** ব্যবহার করে বিষয়ভিত্তিক মেধা তালিকা দেখতে পারবে। আবেদনকারী প্রার্থীরা ভর্তি সংশ্লিষ্ট ওয়েবসাইট **(www.nu.ac.bd/admissions)** ও SMS **(nu<space>atmf<space>roll no** টাইপ করে **16222** নম্বরে **send** করতে হবে**)** এর মাধ্যমে অথবা সংশ্লিষ্ট কলেজ থেকে ফলাফল জানতে পারবে।

<u>মেধা তালিকা প্রণয়নের জন্য নম্বর বন্টন পদ্ধতি</u>

| স্নাতক (সম্মান) পর্যায়ে নম্বর বন্টন পদ্ধতি | স্নাতক (পাস) ও ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত)/প্রিলিমিনারী টু মাস্টার্স পর্যায়ে নম্বর বন্টন পদ্ধতি | | সর্বমোট নম্বর |
|---|---|---|---|
| | স্নাতক (পাস) | ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত)/প্রিলিমিনারী টু মাস্টার্স | |
| { (প্রাপ্ত নম্বর/সিজিপিএ) / (মোট নম্বর/স্কেল) X ১০০ } | { (প্রাপ্ত নম্বর/সিজিপিএ) / (মোট নম্বর/স্কেল) X ৪০ } + | { (প্রাপ্ত নম্বর/জিপিএ) / (মোট নম্বর/স্কেল) X ৬০ } | ১০০ |

৭। মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি সম্পর্কিত জ্ঞাতব্য

| ফরম পূরণের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| লগইন **(Login)** | আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Masters Tab**-এ গিয়ে **Applicant Login [Masters (Regular)]** অপশনে ক্লিক করে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে **Login** করতে হবে। এক্ষেত্রে আবেদনকারীর নাম, বরাদ্দকৃত বিষয়, সংশ্লিষ্ট কলেজের নাম ও অন্যান্য তথ্যসহ চূড়ান্ত ভর্তির আবেদন ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে। |
| ভর্তির আবেদন ফরমের প্রিন্ট/pdf কপি সংগ্রহ | সঠিক তথ্যসহকারে আবেদন ফরমটি পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করলে চূড়ান্ত ভর্তির আবেদন ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে। উক্ত ফরমটির দুই কপি [**A4 (8.5"×11")** অফসেট কাগজে] প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে। পরবর্তীতে রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে একাধিকবার ফরমটি ডাউনলোড করে প্রিন্ট নেয়া যাবে। |
| কলেজে চূড়ান্ত ভর্তির ফরম জমা ও রেজিস্ট্রেশন ফি প্রদান | ভর্তির আবেদন ফরমের সঙ্গে শিক্ষার্থীকে স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) ও ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত)/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি, দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামার কপি ও রেজিস্ট্রেশন ফি [শিক্ষার্থী প্রতি ৮৩৫ (আটশত পঁয়ত্রিশ) টাকা হারে] সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাকিং এর মাধ্যমে জমা দিতে হবে। কলেজ কর্তৃপক্ষ চূড়ান্ত ভর্তির আবেদন ফরমের একটি কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ শিক্ষার্থীকে ফেরত দিবেন। |
| কোটার ফলাফল | রিলিজ স্লিপের আবেদনের পূর্বে কোটার মেধা তালিকা প্রকাশ করা হবে। |

৮। রিলিজ স্লিপে আবেদন সম্পর্কিত জ্ঞাতব্য

যে সকল আবেদনকারী মেধা তালিকায় স্থান পাবে না অথবা ভর্তি বাতিল করবে অথবা মেধা তালিকায় স্থান পেয়েও বরাদ্দকৃত বিষয়ে ভর্তি হবে না, সে সকল আবেদনকারীকে মেধা তালিকায় স্থান পেতে বিষয়ভিত্তিক শূন্য আসনে পর্যায়ক্রমে তিনটি কলেজ নির্বাচন করে রিলিজ স্লিপের জন্য আবেদন করতে হবে। কলেজ কর্তৃক কোন আবেদনকারীর প্রাথমিক আবেদন অনলাইনে নিশ্চয়ন করা না হলে, সেই আবেদনকারী রিলিজ স্লিপে আবেদন করতে পারবে না।

| রিলিজ স্লিপে আবেদনের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| লগইন **(Login)** | আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Masters Tab**-এ গিয়ে **Applicant Login [Masters (Regular)]** অপশনে ক্লিক করে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে **Login** করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর নাম ও অন্যান্য তথ্যসহ রিলিজ স্লিপের আবেদন ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে। |
| কলেজ ও বিষয় নির্ধারণ এবং ফরম চূড়ান্তকরণ | এ পর্যায়ে **College Selection Option** এ গিয়ে আবেদনকারী তার পছন্দ অনুযায়ী কলেজ **Select** করলে ঐ কলেজে বিষয়ভিত্তিক শূন্য আসনের তালিকা দেখতে পাবে। আবেদনকারীকে তার প্রার্থিত বিষয় নির্ধারণ করে এন্ট্রি দিতে হবে। এভাবে একজন আবেদনকারী পর্যায়ক্রমে তার পছন্দ অনুযায়ী <u>তিনটি কলেজে</u> বিষয় নির্ধারণ করে রিলিজ স্লিপের আবেদন ফরম পূরণ করতে পারবে। উক্ত ফরমটি **Download** করে **A4 (8.5"×11")** অফসেট সাদা কাগজে প্রিন্ট **(Print)** নিতে হবে তবে এটি আবেদন ফরমে উল্লিখিত কলেজসমূহে জমা দিতে হবে না বা কোন ফি প্রদান করতে হবে না। |
| রিলিজ স্লিপের আবেদন ফরম বাতিলকরণ | রিলিজ স্লিপের আবেদন ফরম চূড়ান্তকরণের পরেও কোন আবেদনকারী তার আবেদন ফরমে কলেজ পছন্দক্রম পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে **Applicant Login** অপশনে গিয়ে প্রাথমিক আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। পরবর্তীতে আবেদনকারীকে **Cancel Release Slip** অপশনে গিয়ে **Click to Generate the Security Key** ক্লিক করতে হবে। এ সময়ে আবেদনকারী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** এন্ট্রি দিয়ে আবেদনকারী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে রিলিজ স্লিপের আবেদন ফরম পূরণ করতে পারবে। আবেদনকারী এ সুযোগ কেবল একবারই পাবে। |
| চূড়ান্ত ভর্তি ফরম সংগ্রহ ও ভর্তি | আবেদনকারী রিলিজ স্লিপের মেধা তালিকায় তার নির্বাচিত কলেজে বিষয় বরাদ্দ পেলে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Masters Tab**-এ গিয়ে **Applicant Login [Masters (Regular)]** অপশনে গিয়ে চূড়ান্ত ভর্তির আবেদন ফরম পূরণ করে এর প্রিন্ট কপি সংগ্রহ করবে। এই আবেদন ফরমের সঙ্গে শিক্ষার্থীকে স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) ও ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত)/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি, দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামার কপি ও রেজিস্ট্রেশন ফি [শিক্ষার্থী প্রতি ৮৩৫ (আটশত পঁয়ত্রিশ) টাকা হারে] সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাকিং এর মাধ্যমে জমা দিতে হবে। কলেজ কর্তৃপক্ষ চূড়ান্ত ভর্তির আবেদন ফরমের একটি কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ শিক্ষার্থীকে ফেরত দিবেন। |

## ৯। কলেজ কর্তৃপক্ষের করণীয় বিষয়সমূহ

| ধাপসমূহ | করণীয় |
|---|---|
| কলেজ লগইন (College Login) | সংশ্লিষ্ট কলেজ ভর্তি কার্যক্রম পরিচালনার লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের College (Postgraduate) Login অপশনে গিয়ে তাদের জন্য বরাদ্দকৃত User ID ও Password এন্ট্রি দিবেন। প্রাথমিক আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের সময় Click to Generate the Security key অপশনে ক্লিক করলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে SMS ও কলেজ কর্তৃক প্রদত্ত ই-মেইল এর মাধ্যমে One Time Password (OTP) দেয়া হবে। এই OTP ব্যবহার করে সংশ্লিষ্ট কলেজ প্রার্থীদের প্রাথমিক আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে পারবেন।<br>২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে বরাদ্দকৃত User ID, Password ও One Time Password (OTP) জন্য প্রদত্ত মোবাইল নম্বর বহাল থাকবে। |
| প্রাথমিক আবেদন ফরম সংগ্রহ এবং শিক্ষাগত যোগ্যতার তথ্য ও ছবি যাচাই | সংশ্লিষ্ট কলেজ আবেদনকারীর কাছ থেকে প্রাথমিক আবেদন ফরম ও ফি সংগ্রহ করবেন। কলেজ কর্তৃপক্ষকে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়নের পূর্বে প্রার্থীর আবেদন ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি অত্যন্ত সতর্কতার সাথে যাচাই করে নিতে হবে। প্রাথমিক আবেদন ফরমে প্রার্থীর তথ্য বা ছবির অসংগতি পাওয়া গেলে কলেজ কর্তৃক আবেদন ফরমটি নিশ্চয়ন না করে প্রার্থীকে আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন করার পরামর্শ দিতে হবে। কলেজ কর্তৃক কোন প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করা না হলে ঐ আবেদনকারীর মেধা তালিকা প্রণয়ন করা হবে না। |
| প্রাথমিক ও চূড়ান্ত ভর্তির আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন | নির্ধারিত সময়ের মধ্যে প্রতিটি কলেজকে সকল আবেদনকারীর জমাকৃত প্রাথমিক ও চূড়ান্ত ভর্তির আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে Login এর মাধ্যমে Applicant's/Admission Approval (Masters Reg.) অপশনে গিয়ে প্রাথমিক/চূড়ান্ত ভর্তি ফরম নিশ্চয়ন করতে হবে। সংশ্লিষ্ট কলেজ কর্তৃক কোন প্রাথমিক/চূড়ান্ত ভর্তির আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করা না হলে সেই আবেদনকারী ভর্তিযোগ্য বলে বিবেচিত হবে না। |
| প্রাথমিক আবেদন ফি'র নির্ধারিত অংশ "সোনালী ব্যাংক" এর মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ | সংশ্লিষ্ট কলেজকে প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [আবেদনকারী প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে কলেজকে Login এর মাধ্যমে Application Payment Info (Masters Reg.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে। Pay Slip এ ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি ফান্ডের সঞ্চয়ী হিসাব নম্বর-**0218100003245** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ 'সোনালী ব্যাংক' শাখায় ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। |
| রেজিস্ট্রেশন ফি'র নির্ধারিত অংশ "সোনালী ব্যাংক" এর মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ | কলেজকে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্টেশন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [শিক্ষার্থী প্রতি ৮৩৫/- (আটশত পঁয়ত্রিশ) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে কলেজকে Login এর মাধ্যমে Admission Payment Info (Masters Reg.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে। Pay Slip-এ ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে "রেজিস্ট্রেশন ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর-**0218100000134** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। |

## ১০। ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফিসের হার

ক) প্রাথমিক আবেদন ফি

| | |
|---|---|
| i) আবেদনকারী প্রতি প্রাথমিক আবেদন ফি | = ৩০০/- (তিনশত) টাকা<br>[জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ ২০০/- (দুইশত) টাকা ও কলেজের অংশ ১০০/-(একশত) টাকা] |

খ) রেজিস্ট্রেশন ফি

| | |
|---|---|
| i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি | = ৮০০/- (আটশত) টাকা |
| ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি | = ২০/- (বিশ) টাকা |
| iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি | = ৫/- (পাঁচ) টাকা |
| iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি | = ১০/- (দশ) টাকা |
| মোট | = ৮৩৫ (আটশত পঁয়ত্রিশ) টাকা |
| v) শিক্ষার্থী প্রতি ভর্তি বাতিল ফি<br>vi) শিক্ষার্থী প্রতি ভর্তি পুন:বহাল ফি | = ৭০০/- (সাতশত) টাকা<br>= ৭০০/- (সাতশত) টাকা |

১১। এই ভর্তি নির্দেশিকার যে কোন নিয়মাবলী/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. মো: আনোয়ার হোসেন)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন: ৯২৯১০৭৪
ই-মেইল- pgdeanoffice@gmail.com

© *কপি-রাইট: জাতীয় বিশ্ববিদ্যালয়, বোর্ড বাজার, গাজীপুর-১৭০৪*